



“বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা  
সর্বোচ্চ অগ্রাধিকার”



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন  
(পেট্রোবাংলা)  
আইটি ডিপার্টমেন্ট

...

সভাপতি মোঃ শাহীনের ইসলাম  
পরিচালক (পিএসসি)  
সভার তারিখ ২৩-০৫-২০২২  
সভার সময় বেলা ১২:০০টা  
স্থান কমিটি রুম  
উপস্থিতি সংযুক্ত

**বিষয়: পেট্রোবাংলার ২০২১-২২ অর্থবছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা কার্যক্রম মোতাবেক সভার কার্যবিবরণী।**

পেট্রোবাংলার পরিচালক (পিএসসি) ও ইনোভেশন অফিসার মহোদয় সভার শুরুতে সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয় পেট্রোবাংলার ২০২১-২২ অর্থবছরে প্রণীত উদ্ভাবন কর্মপরিকল্পনার অগ্রগতি বিষয়ে সভায় আলোচনা করেন। চলমান অর্থবছরের ৪র্থ কোয়ার্টার-এ যে সকল কার্যক্রম সম্পাদন করতে হবে সে বিষয়ে দিকনির্দেশনা প্রদান করেন।

সভায় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বিষয়ে আলোচনা ও পর্যালোচনাপূর্বক নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র.ম.	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	কার্যব্যবস্থায়
০১।	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কার্যক্রম [২.২.৫] অনুযায়ী দেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শন।	মন্ত্রিপরিষদ বিভাগের প্রণয়নকৃত ২০২১-২২ অর্থবছরের বাৎসরিক ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা নির্দেশিকায় অনুচ্ছেদ-২.২.৫ অনুযায়ী দেশে/বিদেশে কোন একটি উদ্যোগ পরিদর্শন করলেই কর্মসম্পাদন সূচকে বর্ণিত ৩(তিন) নম্বর পাওয়া যাবে মর্মে সভায় আলোচনা হয়।	২০২১-২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা মোতাবেক আগামী ২৬-০৫-২০২২ তারিখ পেট্রোবাংলার ইনোভেশন টিম ঢাকায় অবস্থিত আরপিজিসিএল-এর প্রধান কার্যালয়ে আরপিজিসিএল কর্তৃক ২০২১-২২ অর্থবছরে বাস্তবায়িত উদ্যোগ/সেবা সহজিকরণ/ডিজিটাল সেবা ইত্যাদি পরিদর্শন করবে।	ইনোভেশন টিম, পেট্রোবাংলা

০২।	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কার্যক্রম [২.১.২] অনুযায়ী প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে প্রকাশকরণ।	পেট্রোবাংলার ২০২১-২২ অর্থবছরে ইতোমধ্যে জ্বালানি নিরাপত্তা দিবসের ক্রোড়পত্র, বাজেট প্রতিবেদন এবং নিরীক্ষা প্রতিবেদন তথ্য বাতায়নে প্রকাশ করা হয়েছে। সভায় উল্লেখ করা হয় যে, আলোচ্য সূচকে পূর্ণ নম্বর পাওয়ার জন্য আরো ১টি প্রকাশনা/প্রতিবেদন তথ্য বাতায়নে প্রকাশ করতে হবে। বর্ণিত প্রেক্ষাপটে সভায় পেট্রোবাংলায় স্থাপিত বঙ্গবন্ধু কর্নার, বঙ্গবন্ধু মুর্ফ্যাল, এসজিএফএল-এর কৈলাশটিলা গ্যাস ক্ষেত্রের গ্যাস-কুপ ওয়ার্ক-ওভার এর সফলতা এবং জিটিসিএল কর্তৃক গ্যাস সঞ্চালনের চ্যালেঞ্জ মোকাবেলা করে গ্যাস সরবরাহ ইত্যাদি বিষয়ের উপর সংক্ষিপ্ত বর্ণনা এবং ছবি সংযুক্ত পূর্বক একটি প্রতিবেদন প্রণয়ন করা যেতে পারে মর্মে সভায় সম্মতি প্রকাশ করা হয়।	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কার্যক্রম [২.১.২] কর্মসম্পাদন সূচকের লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে পেট্রোবাংলায় স্থাপিত বঙ্গবন্ধু কর্নার, বঙ্গবন্ধু মুর্ফ্যাল, এসজিএফএল-এর কৈলাশটিলা গ্যাস ক্ষেত্রের গ্যাস-কুপ ওয়ার্ক-ওভার এর সফলতা এবং জিটিসিএল কর্তৃক গ্যাস সঞ্চালনের চ্যালেঞ্জ মোকাবেলা করে নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহ ইত্যাদি বিষয়ের উপর সংক্ষিপ্ত বর্ণনা এবং ছবি সংযুক্ত পূর্বক "পেট্রোবাংলার সূবর্ণ জয়ন্তী স্মরণিকা" নামক একটি প্রতিবেদন প্রণয়নপূর্বক কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আগামী ২০-০৬-২০২২ তারিখের মধ্যে তথ্য বাতায়নে প্রকাশ করতে হবে।	ইনোভেশন টিম, পেট্রোবাংলা
০৩।	উদ্ভাবনী ধারণা/ আইডিয়া প্রদানকারী সংস্থার সকল কর্মকর্তা/ কর্মচারীগণকে সম্মাননা প্রদান।	পেট্রোবাংলার ২০২১-২২ অর্থবছরে নতুন উদ্ভাবনী ধারণা প্রবর্তনের লক্ষ্যে উদ্ভাবনী ধারণা/আইডিয়া প্রদানের জন্য সংস্থার সকল কর্মকর্তা/ কর্মচারীকে ইনোভেশন টিমের পক্ষ হতে অনুরোধ করা হয়। সেপ্রেক্ষিতে বেশকিছু ধারণা/ আইডিয়া পাওয়া যায়। উক্ত ধারণাসমূহের মধ্যে হতে বাছাই করে তিনটি ধারণা পেট্রোবাংলায় প্রবর্তন করা হয়। ২০২১-২২ অর্থবছরের উদ্ভাবন কার্যক্রমে অবদান রাখার জন্য উদ্ভাবনী ধারণা/আইডিয়া প্রদানকারী সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের কাজের স্বীকৃতিস্বরূপ সম্মাননা হিসেবে একটি করে দেয়াল ঘড়ি প্রদানের জন্য সভায় আলোচনাপূর্বক একমত পোষণ করা হয়।	পেট্রোবাংলার ২০২১-২২ অর্থবছরে উদ্ভাবন কার্যক্রমে অবদান রাখার জন্য উদ্ভাবনী ধারণা/আইডিয়া প্রদানকারী সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের কাজের স্বীকৃতিস্বরূপ সম্মাননা হিসেবে "উদ্ভাবন"ই সমৃদ্ধি বানী সম্বলিত ও পেট্রোবাংলার লোগো সংবলিত" একটি করে দেয়াল ঘড়ি প্রদান করা যেতে পারে।	ইনোভেশন টিম, পেট্রোবাংলা

সভায় অন্য কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ শাহীনুর ইসলাম  
পরিচালক (পিএসসি)

স্মারক নম্বর: ২৮.০২.০০০০.০৬৬.০৩.০০২.২০.৩১

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ ১৪২৯

৩০ মে ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক (পিএসসি), পেট্রোবাংলা, ঢাকা।
- ২) উপ-মহাব্যবস্থাপক (নিরীক্ষা), পেট্রোবাংলা, ঢাকা।
- ৩) ব্যবস্থাপক (নির্মাণ), পেট্রোবাংলা, ঢাকা।
- ৪) ব্যবস্থাপক (এইচআর), পেট্রোবাংলা, ঢাকা।

৫) ব্যবস্থাপক (এফএম), পেট্রোবাংলা, ঢাকা।



শাহনেওয়াজ পারভেজ  
মহাব্যবস্থাপক (কন্ট্রোল)